

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৬১০০.০০০.১৪.০২৮.১৫ ৫৬৭

তারিখ: ২৬ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
২৬ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ ময়মনসিংহ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০৭৪.১৫-১০৮ তারিখঃ ১৬/২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ৯,৬২,১০,০০০/- (নয় কোটি বাষটি লক্ষ দশ হাজার) টাকায় গৃহীত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত প্রকল্প তালিকার ক্রমিক নং ১৪৩-১৪৬ ও (ক+গ) এ বর্ণিত ৭টি প্রকল্প ব্যতিত ২০২ টি প্রকল্প বিধি মোতাবেক নিম্নে বর্ণিত শর্তে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৩) জেলা পরিষদ কার্যালয়ের সকল পূর্ত কাজ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পিপিআর ২০০৮এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে দরপত্র আহবান করে বাস্তবায়ন করতে হবে; কোন অবস্থাতেই প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটির মাধ্যমে করা যাবে না।

সংযুক্তঃ বর্ণনামতে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।

Email-igzpz@lgd.gov.bd

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।